**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 22-03-2026** **Desk in Charge: SDG**
**Time:- 1-30 PM** **Compiling : Saibal Biswas**
**DEO: KB** **NRT: Ranjana Ch.**

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ রাশিয়ার অপরিশোধিত তেল নিয়ে ‘অ্যাকোয়া টাইটান’ নামে একটি জাহাজ কর্নাটকের ম্যাঙ্গালুরুতে এসে পৌঁছেছে।

২/ ইসরাইলের ডিমোনা ও নেগেভ পারমাণবিক গবেষণা কেন্দ্রের কাছে ইরানের ক্ষেপণাস্ত্র হামলায় ১৩০ জন আহত।

৩/ G-7 ভুক্ত দেশগুলি, পশ্চিম এশিয়ার বিভিন্ন রাষ্ট্রের পরিকাঠামোর ওপর আঘাত হানার জন্য ইরানের কড়া নিন্দা করে জানিয়েছে, প্রয়োজনে গোটা বিশ্বের জ্বালানি নিরাপত্তা বজায় রাখতে তারা তেহেরানের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে।

৪/ নির্বাচিত সরকারের নেতৃত্বে থাকার পবন চামলিং-এর রেকর্ড ভাঙলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। # মুখ্যমন্ত্রী ও প্রধানমন্ত্রী হিসেবে তিনি মোট ৮ হাজার ৯৩১ দিন পূর্ণ করলেন।

৫/ নির্বাচন কমিশন এক নির্দেশিকায় রাজ্যের CEO-দের বলেছে, প্রতিটি ভোট গ্রহণ কেন্দ্রে ভোটারদের জন্য কিছু জরুরী পরিষেবা দানের ব্যবস্থা ও ভোটার সহায়তা কেন্দ্র তৈরী করতে হবে।

৬/ সুদানের আল-দায়িনে গত শুক্রবার আল-দায়িন টিচিং হাসপাতালে হামলার জেরে, ১৩ শিশুসহ ৬৪ জনেরও বেশি মানুষের মৃত্যু হয়েছে।

*****************************************************************************

মার্কিন যুক্তরাষ্ট্র গত বৃহস্পতিবার রাশিয়ার তেল কেনার ওপর থেকে নিষেধাজ্ঞা সাময়িকভাবে প্রত্যাহার করার পর, রাশিয়ার অপরিশোধিত তেল নিয়ে 'অ্যাকোয়া টাইটান' নামে একটি জাহাজ কর্নাটকের ম্যাঙ্গালুরুতে এসে পৌঁছেছে। এর ফলে দেশের তেলের জোগান অব্যাহত রাখাটা সহজতর হবে বলে সংশ্লিষ্ট মহলের আশা। এদিকে, আরও একটি পণ্যবাহী জাহাজ এলপিজি গ্যাস নিয়ে মার্কিন যুক্তরাষ্ট্র থেকে ম্যাঙ্গালুরু বন্দরে এসে পৌঁছেছে বলে খবর।পিক্সিস পায়োনিয়ার নামে এই পণ্যাবাহী জাহাজটি এসেছে টেক্সাস থেকে। এর আগে হরমুজ প্রণালী পেরিয়ে এলপিজিবাহী নন্দাদেবী গুজরাটের ভাদিনার বন্দরে ও তার এক সপ্তাহ পরে শিবালিক নামের আরও একটি জাহাজ মুন্দ্রা বন্দরে এসে পৌঁছেছিল। পশ্চিম এশিয়ার সাম্প্রতিক সংঘাতময় পরিস্থিতি সত্ত্বেও দেশে গ্যাসের সরবরাহ অব্যাহত রয়েছে বলে সরকার জানিয়েছে।

***********************

ইরান ইজরায়েলের ডিমোনা ও নেগেভ পারমাণবিক কেন্দ্রের কাছে ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে। ইরানের বুশেহর এবং নাতাঞ্জ পরমাণু কেন্দ্রে আমেরিকা ও ইজ্রায়েলের হামলার প্রতিশোধ হিসেবেই ইরান এই পদক্ষেপ নিয়েছে বলে জানিয়েছে । ঘটনায় ডিমোনা ও আরাদ এ ১৩০ জন আহত বলে জানা গেছে।

***********************

ইজরায়েলের প্রতিরক্ষা বাহিনী–আই ডি এফ জানিয়েছে, 'অপারেশন রোরিং লায়ন' শুরুর পর থেকে এই প্রথম ইরান এমন একটি দূরপাল্লার ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণ করেছে, যা প্রায় ৪ হাজার কিলোমিটার দূরত্ব অতিক্রম করতে সক্ষম। ইজরায়েল আরও বলেছে , ইরান এখন বিশ্বব্যাপী হুমকির কারণ হয়ে দাঁড়িয়েছে, কারণ, তাদের ক্ষেপণাস্ত্রগুলো এখন লন্ডন, প্যারিস কিংবা বার্লিনেও আঘাত হানতে সক্ষম। ইজরায়েল বলেছে, ইরান পশ্চিম এশিয়ায় ১২টি দেশের বিরুদ্ধে হামলা চালিয়েছে।

এর আগে, ইজরায়েলি বায়ুসেনা তেহরানের অনেকগুলো সামরিক ঘাঁটিতে একের পর এক হামলা চালায়।

এদিকে, ইজরায়েলের ডিমোনা ও নেগেভ পারমাণবিক গবেষণা কেন্দ্রের কাছে ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করা হয়েছে বলে ইরানের সংবাদমাধ্যমগুলি দাবি করেছে। ইরানের বুশেহর এবং নাতাঞ্জ পারমাণবিক কেন্দ্রে আমেরিকা ও ইজরায়েলের হামলার প্রতিশোধ হিসেবেই ইরান এই পদক্ষেপ নিয়েছে বলে জানিয়েছে তারা। অবশ্য ইজরায়েলের তরফ থেকে গুরুতর কোনো ক্ষতির খবর নিশ্চিত করা হয়নি।

***********************

ইজরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু আজ আরাদ প্রদেশের মেয়র ইয়াইর মায়ানের সঙ্গে আলোচনা করেন এবং দিমোনা ও নেগেভ পারমাণবিক গবেষণা কেন্দ্রের অদূরে ইরানের হামলায় আহতদের আরোগ্য কামনা করেন। সে-দেশের বিদেশমন্ত্রক জানিয়েছে, এই হামলায় শিশুসহ শতাধিক মানুষ আহত হয়েছেন। ইরানের শাসকগোষ্ঠী ইচ্ছাকৃতভাবে সাধারণ নাগরিকদের লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করে আরাদ ও দিমোনা এলাকাকে ধ্বংস করে দিয়েছে বলে অভিযোগ করেছে ইজরায়েল।

***********************

জি সেভেন ভুক্ত দেশগুলি, পশ্চিম এশিয়ার বিভিন্ন রাষ্ট্রের পরিকাঠামোর ওপর আঘাত হানার জন্য ইরানের কড়া নিন্দা করেছে। কানাডা, ফ্রান্স, জার্মানি, ইতালি, জাপান, গ্রেট ব্রিটেন ও মার্কিন যুক্তরাষ্ট্রের বিদেশমন্ত্রীরা ও ইওরোপীয় ইউনিয়নের উচ্চপদস্থ কর্তারা এ ব্যাপারে একটি যৌথ বিবৃতিতে স্বাক্ষর করেছেন। তাঁরা ওই দেশগুলির পাশে থাকার কথাও জানিয়েছেন। ওই বিবৃতিতে আরও বলা হয়েছে, ইরানের হানাদারির ফলে আঞ্চলিক ও বৈশ্বিক নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। হরমুজ প্রণালী অবরোধ করে বিশ্বের তেল সরবরাহ ব্যবস্থার ওপরও ইরান আঘাত হেনেছে, যা একেবারেই কাম্য নয়।জি সেভেন দেশগুলি জানিয়েছ, বিশ্বে তেল ও প্রাকৃতিক গ্যাসের জোগান অব্যাহত রাখতে তারা প্রয়োজনে ইরানের বিরুদ্ধে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করবে। জি সেভেনের বিবৃতিতে আরও বলা হয়েছে, ইরানকে কিছুতেই পারমাণবিক অস্ত্র তৈরি করতে দেওয়া হবে না। তাদের অতি অবশ্যই ব্যালেস্টিক মিসাইল নির্মাণ কর্মসূচি থেকে সরে আসতে হবে। সেই সঙ্গে নিজ দেশবাসীর ওপরও ইরান সরকারকে অত্যাচার বন্ধ করার দাবি জানিয়েছে জি সেভেন।

***********************

তেহরান যদি ৪৮ ঘণ্টার মধ্যে হরমুজ প্রণালী পুনরায় খুলে না দেয়, তবে ইরানের বিদ্যুৎ কেন্দ্রগুলোকে পুরোপুরি নিশ্চিহ্ন করে দেওয়া হবে বলে চূড়ান্ত হুঁশিয়ারি দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সমাজমাধ্যম 'ট্রুথ সোশ্যাল'-এ এক পোস্টে ট্রাম্প ইরানকে এই গুরুত্বপূর্ণ জলপথ খুলে দেওয়ার জন্য ঠিক ৪৮ ঘণ্টা সময় বেঁধে দেন। অন্যথায় তাদের নতুন করে হামলার মুখোমুখি হতে হবে বলে হুঁশিয়ারি দেন মার্কিন প্রেসিডেন্ট। মার্কিন যুক্তরাষ্ট্র ইরানের বিভিন্ন বিদ্যুৎ কেন্দ্রকে লক্ষ্যবস্তু বানাবে এবং এক্ষেত্রে তারা প্রথমেই দেশটির বৃহত্তম বিদ্যুৎ কেন্দ্রটিকে নিশানা করবে বলেও স্পষ্ট জানান ট্রাম্প।

***********************

ইরান, মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইজরায়েলের মধ্যে চলতি সংঘর্ষে যুদ্ধবিরতি চালু হলে জাপান হরমুজ প্রণালীর অভ্যন্তরে মাইন অপসারণ করার অভিযানে Self-Defense Force মোতায়েনের বিষয়টি বিবেচনা করতে পারে বলে  ইঙ্গিত দিয়েছেন সেদেশের  বিদেশমন্ত্রী তোশিমিতসু মোতেগি । টেলিভিশনে দেওয়া এক সাক্ষাৎকারে মোতেগি মাইন অপসারণ প্রযুক্তিতে জাপানের উন্নত সামুদ্রিক সক্ষমতার বিষয়টি তুলে ধরেন। গত বৃহস্পতিবার ওয়াশিংটনে উচ্চপর্যায়ের কূটনৈতিক আলোচনার পরেই মোতেগির এই মন্তব্য।

***********************

ভারতীয় নৌবাহিনীর জাহাজ INS Trikand চলতি মাসের ২০ তারিখে সেশেলসের ভিক্টোরিয়া বন্দরে তার সফর সম্পন্ন করেছে। প্রতিরক্ষামন্ত্রক জানিয়েছে, এই বন্দর সফরটি ভারতের 'মহাসাগর' দৃষ্টিভঙ্গিরই প্রতিফলন; পাশাপাশি এটি ভারত মহাসাগরীয় অঞ্চলে 'পছন্দসই নিরাপত্তা অংশীদার' এবং 'প্রথম সাড়াদানকারী' হিসেবে টিকে থাকার বিষয়ে ভারতীয় নৌবাহিনীর অঙ্গীকারকেও সুদৃঢ় করে। মন্ত্রক আরও জানায় যে, ভারতীয় সেনাবাহিনী, ভারতীয় বিমানবাহিনী এবং সেশেলস প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের সঙ্গে নিয়ে আইএনএস ত্রিকান্ড মন্ত্রক আরও উল্লেখ করে যে, এই মহড়াটি ভারত ও সেশেলসের মধ্যে পারস্পরিক সমন্বয় সক্ষমতা বৃদ্ধি এবং সামুদ্রিক সহযোগিতা জোরদার করার একটি সুযোগ তৈরি করে দিয়েছে।

***********************

নির্বাচিত সরকারের নেতৃত্বে থাকার রেকর্ড ভাঙলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এর আগে রেকর্ড ছিল সিকিমের প্রাক্তন মুখ্যমন্ত্রী পবন কুমার চামলিঙের দখলে। তিনি মোট ৮ হাজার  ৯৩০ দিন ক্ষমতায় আসীন ছিলেন।নরেন্দ্র মোদি তাঁকে ছাপিয়ে গুজরাটের মুখ্যমন্ত্রী ও দেশের প্রধানমন্ত্রী পদ মিলিয়ে নির্বাচিত সরকারের নেতৃত্ব দেওয়ার ক্ষেত্রে মোট ৮ হাজার ৯৩১ দিনে পা রেখেছেন। তিনিই ছিলেন গুজরাটের সবচেয়ে বেশি দিনের মুখ্যমন্ত্রী।২০১৪,২০১৯ ও ২০২৪ সালে তিনি উপর্যুপরি তিনবার দেশের প্রধানমন্ত্রী নির্বাচিত হন।গুজরাটের মুখ্যমন্ত্রীর দায়িত্ব নিয়েছিলেন ২০০১ সালের ৭ই অক্টোবর।

***********************

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ পালিত হচ্ছে বিশ্ব জল দিবস। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, বিশ্ব জল দিবস উপলক্ষে দেশবাসীর উদ্দেশে জলের প্রতিটি ফোঁটা সংরক্ষণে অঙ্গীকার পুনর্ব্যক্ত করার পাশাপাশি দায়িত্বশীল ব্যবহারের ওপর বিশেষ গুরুত্বের কথা জানিয়েছেন। সোশ্যাল মিডিয়ায় এক পোস্টে প্রধানমন্ত্রী বলেন, জলই জীবনকে টিকিয়ে রাখে এবং পৃথিবীর ভবিষ্যৎ নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সেই কারণেই জল সংরক্ষণকে কেবল দায়িত্ব নয়, একটি প্রয়োজনীয় অভ্যাস হিসেবে গড়ে তোলার আহ্বান জানান তিনি।

পানীয় জল, কৃষি,শক্তি উৎপাদন, সেই সঙ্গে সুস্থ বাস্তুতন্ত্রের জন্য জল অপরিহার্য। জলসম্পদ সম্পর্কে বিশ্ব জুড়ে মানুষের মধ্যে জনসচেতনতা গড়ে তোলার লক্ষ্যে দিনটি উদযাপিত হয়ে থাকে। রাষ্ট্রসঙ্ঘ ১৯৯৩ সালের ২২শে মার্চকে বিশ্ব জল দিবস হিসেবে ঘোষণা করে।

***********************

বিহার রাজ্যের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক সোশাল মিডিয়া পোস্টে রাষ্ট্রপতি বলেন, বিহার বিশ্বের প্রথম গণতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য বিখ্যাত। শুধু তাই নয়, বড় বড় সাম্রাজ্য বিস্তার হয়েছে বিহারের মাটি থেকে।তিনি রাজ্যবাসীর কর্মদ্যোমের প্রভূত প্রশংসা করেন। উপরাষ্ট্রপতি, রাজ্যবাসীর সুস্থায়ী

উন্নয়ন, সমৃদ্ধি ও শান্তি কামনা করেছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিহারবাসীকে শুভেচ্ছা জানিয়ে বলেন, এই রাজ্য ভারতের সংস্কৃতি, আধ্যাত্মবাদের সমৃদ্ধশালী ঐতিহ্যকে তুলে ধরে প্রগতির নতুন নতুন অধ্যায়ের সূচনা করেছে।

*************************

**প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, ২৯শে মার্চ রবিবার,** আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩২-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল **১১** টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

*************************

নির্বাচন কমিশন, প্রত্যেক রাজ্যের নির্বাচনী আধিকারিকদের কাছে পাঠানো এক নির্দেশিকায় স্পষ্ট করে বলেছে, প্রতিটি ভোট গ্রহণ কেন্দ্রে ভোটারদের জন্য কিছু জরুরী ব্যবস্থা রাখতে হবে। সেইসঙ্গে তৈরী করতে হবে ভোটারদের সহযোগিতা কেন্দ্র'ও।

জরুরী ব্যবস্থার মধ্যে রয়েছে- খাবার জল, ছাউনি দেওয়া শৌচাগার, অপেক্ষা করার উপযুক্ত জায়গা, উপযুক্ত আলোর ব্যবস্থা এবং যথোপযুক্ত বুথ তৈরীর পরিকাঠামো। প্রতিটি ভোট গ্রহণ কেন্দ্রের বাইরে ভোটারদের দৃষ্টি আকর্ষণ করার জন্য ন্যূনতম চারটি পোস্টার লাগাতে হবে। যাতে থাকবে ওই কেন্দ্র সম্পর্কে যাবতীয় তথ্য, ভোটারদের পরিচয় পত্র সম্পর্কিত নির্দেশ, প্রার্থীদের কি করা উচিত ইত্যাদি। এছাড়াও, প্রতিটি ভোট গ্রহণ কেন্দ্রেই ভোটার সহায়তা কেন্দ্র তৈরী করতে হবে বলে কমিশন নির্দেশ দিয়েছে। এই সহায়তা কেন্দ্রগুলিতে গেলে ভোটাররা তাঁদের বুথ ও অন্যান্য বিষয়ে যাবতীয় তথ্য পাবেন।

প্রত্যেকটি ভোট গ্রহণ কেন্দ্রের বাইরে মোবাইল জমা রাখার ব্যবস্থা করতেও নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন।

*************************

সুদানের আল-দায়িনে গত শুক্রবার আল-দায়িন টিচিং হাসপাতালে এক মর্মান্তিক হামলায়, ১৩টি শিশুসহ ৬৪ জনেরও বেশি মানুষের মৃত্যু হয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা(হু), সামাজিক মাধ্যমে এক পোস্টে এই খবর নিশ্চিত করেছে। হু'য়ের মহানির্দেশক টেড্রস আধানম ঘেব্রেইয়াসুস বলেছেন মৃতদের মধ্যে রয়েছেন একাধিক চিকিৎসাধীন, দুই সেবিকা এবং এক পুরুষ চিকিৎসক।

উল্লেখ্য, গত ২০২৩ সাল থেকে সুদানে সেনাবাহিনীর সঙ্গে বিদ্রোহী গোষ্ঠীর র‍্যাপিড সাপোর্ট বাহিনী(আর এস এফ)এর ক্ষমতা দখলের লড়াই চলছে। আর এস এফে'র দাবী হাসপাতালে সরকারী সেনাবাহিনী হামলা চালায়। সেনাবাহিনী এই অভিযোগ অস্বীকার করেছে।

*************************

ভারত আবহাওয়া দফতর, আইএমডি আজ হিমালয় সংলগ্ন পশ্চিমবঙ্গ এবং সিকিমের বেশ কিছু জায়গায় দমকা হাওয়াসহ বজ্রপাতের পূর্বাভাস দিয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গ, নাগাল্যান্ড, মণিপুর, মিজোরাম ও ত্রিপুরা, ওড়িশা এবং পশ্চিম রাজস্থানেও সারাদিন একই রকম পরিস্থিতির পূর্বাভাস দেওয়া হয়েছে।

আগামীকাল পর্যন্ত কেরালা এবং মাহে অঞ্চলে গরম ও আর্দ্র আবহাওয়া থাকার সম্ভাবনার কথা জানিয়েছে আইএমডি।

***********************************************************************